

যুগান্তর

তারিখ... 10.1. MAR. 2015 ...
পৃষ্ঠা... ২৭... কলাম... ৬.....

ইউজিসি প্রফেসর' হলেন পাঁচ বরেন্দ্র শিক্ষাবিদ

যুগান্তর রিপোর্ট

তিন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৫ বরেন্দ্র শিক্ষাবিদ ইউজিসি প্রফেসর হিসেবে মনোনয়ন পেয়েছেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এ মনোনয়ন দিয়েছে। মনোনীতরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. গালিব আহসান খান ও গণিত বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. আবদুল হাকিম ও অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মহিনুল ইসলাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. সুব্রত মজুমদার। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. একে আজাদ চৌধুরী বলেন, পেশাগত উৎকর্ষতা, বিশ্ববিদ্যালয়ে অনন্য অবদান, গবেষণা ও প্রজ্ঞায় অসামান্য অবদানের বিষয় বিবেচনায় বিশিষ্ট অধ্যাপকদের মধ্য থেকে এ নির্বাচন করা হয়।